

ডা. অমিত্র কুমার সরকার  
ডা. অমিত্র কুমার সরকার



১২ মে, ২০২১ | বুধবার | ২৮ বৈশাখ, ১৪২৮ | ২৯ রমযান, ১৪৪২ হিজরি

# পুর্ন কালম

ডা. অমিত্র কুমার সরকার  
ডা. অমিত্র কুমার সরকার

: 8, Issue : 129 • Puber Kalom • Kolkata • 12 May, 2021 • Wednesday • RNI NO. WBBEN/2014/55316 • Phone No.: 033 4604 4230/31 • www.puberkalom.com 10 P

## মথুরাপুরে চালু বিনামূল্যের অক্সিজেন পার্কার পরিষেবা

আসিফ রেজা আনসারী

করোনা পরিস্থিতি বিশ্ব সভ্যতাকে চরম সংকটের মুখে দাঁড় করিয়েছে। রাজ্যের অবস্থাও ভালো নয়। বহু মানুষ রোজ করোনা আক্রান্ত হচ্ছেন। মারাও যাচ্ছেন। শহরের পাশাপাশি গ্রামের দিকেও করোনার বাড়বাড়ন্ত উদ্বেগ তৈরি করছে। এমন পরিস্থিতিতে মানুষের পাশে দাঁড়াতে দক্ষিণ ২৪ পরগনার মথুরাপুরেও চালু হল অক্সিজেন পার্কার। কলকাতায় অবস্থিত জার্মান কনসুলেট ও স্বচ্ছাসেবী সংস্থা মুক্তির সহযোগিতায় কৃষ্ণচন্দ্রপুরের ডক্টর প্রভাত মেমোরিয়াল সোসাইটির মায়া ভবনে সোমবার চালু হয় অক্সিজেন পার্কার।

অক্সিজেন পার্কারের উদ্বোধনের দিনে বিনামূল্যে প্রয়োজনীয় ওষুধ, অক্সিমিটার দিয়ে স্বাস্থ্য পরীক্ষাও করা হয়। এদিন সকাল ১১টায় ওই পার্কারের উদ্বোধন করেন রায়দিঘির বিধায়ক ডা. অলক জলদাতা, মথুরাপুর এক নম্বর ব্লকের বিডিও তারাশঙ্কর প্রামাণিক ও ড. প্রভাত মেমোরিয়াল সোসাইটির সম্পাদক চন্দন কুমার মাইতি, বিশিষ্ট সমাজসেবী বাপি হালদার প্রমুখ।

চন্দন কুমার মাইতি জানান, 'আপাতত দু'টি বেড, দু'টি অক্সিজেন কনসেন্ট্রেটর কাজ শুরু হল। ২৪ ঘণ্টা ওই পরিষেবা পাওয়া যাবে। কৃষ্ণচন্দ্রপুর হাইস্কুল ও তার হস্টেলগুলিতে আইসোলেশন সেন্টার কাম সেফহোম তৈরির উদ্যোগ নেওয়া হচ্ছে।'